

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, নভেম্বর ৪, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(আয়কর)
প্রজ্ঞাপন

তারিখ, ১৭ কার্তিক, ১৪২২ বঙ্গাব্দ/ ০১ নভেম্বর, ২০১৫ খ্রিস্টাব্দ

এস, আর, ও, নং ৩২০-আইন/আয়কর/২০১৫।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b)-তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, “THE ENT AND HEAD-NEAK CANCER HOSPITAL AND INSTITUTE” এর কেবল চিকিৎসা সেবা কার্যক্রম হইতে অর্জিত আয়ের উপর আরোপণীয় আয়কর প্রদান হইতে, নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে, এতদ্বারা অব্যাহিত (exemption) প্রদান করিল, যথা :—

শর্তাবলী

- (১) উক্ত প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত চিকিৎসা সেবা (হাসপাতালে ভর্তি ও তৎপরবর্তী আবাসিক চিকিৎসা সুবিধা, বহির্বিভাগীয় পরামর্শ বা ব্যবস্থাপত্র, প্যাথলজিক্যাল পরীক্ষা এবং সার্জারীসহ আনুষঙ্গিক অন্যান্য চিকিৎসা সুবিধা) এর ৩০% (ত্রিশ শতাংশ) গরীব ও অসহায় রোগীদের জন্য বিনামূল্যে প্রদানের ব্যবস্থা করিতে হইবে; এবং
- (২) উক্ত প্রতিষ্ঠানকে উক্ত Ordinance-এর অধীন দাখিলকৃত আয়কর রিটার্নের একটি অনুলিপি সহ দফা (১) এর বিপরীতে প্রদেয় চিকিৎসা সেবা সংক্রান্ত পরিসংখ্যান ও প্রয়োজনীয় তথ্যাদি প্রতি ত্রৈমাসিক ভিত্তিতে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত “ছক” এ সংশ্লিষ্ট উপ-কর কমিশনারের নিকট দাখিল করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নজিবুর রহমান
সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক (দায়িত্বপ্রাপ্ত), বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

ড. মহিউদ্দীন আহমেদ (উপসচিব), উপপরিচালকের দায়িত্বে, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd

(৮৬০৯)

মূল্য : টাকা ৪.০০